

কেউ পাস করেনি ৪৭ প্রতিষ্ঠানে: সবাই পাস ৫০৯৫টিতে

যুগান্তর রিপোর্ট

চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় শতভাগ ফেল করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৪৭টি। এর মধ্যে ৩৮টিই মাদ্রাসা বোর্ডের। এ বোর্ডের প্রতিষ্ঠানগুলোর খারাপ ফেলের কারণে দিন দিন শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েই চলেছে। তবে কারিগরি বোর্ডে কোনো শূন্য পাস করা প্রতিষ্ঠান নেই। গত বছরের তুলনায় শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যাও কমেছে এবার। গত বছর যা ছিল ৬ হাজার ২১০টি। এবার তা কমে দাঁড়িয়েছে ৫০৯৫-এ।

শনিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আনুষ্ঠানিকভাবে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করেন। শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের এমপিও বাড়িলের ব্যবস্থা থাকলেও গত কয়েক বছর ধরে তা বন্ধ রয়েছে। এ ব্যাপারে মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক আবু বক্কর সিদ্দিক বলেন, এক সময় ফেল করা প্রতিষ্ঠানের এমপিও বন্ধ করে দেয়া হতো। কিন্তু নানা জটিলতার কারণে এখন তা সম্ভব হচ্ছে না। তবে এসব প্রতিষ্ঠানের শিক্ষক ও পরিচালনা পর্ষদের সদস্যদের সতর্ক করে দেয়া করেনি: পৃষ্ঠা ১৪ : কলাম ৪

করেনি: কেউ পাস (১ম পৃষ্ঠার পর)

হবে। ফল বিশ্লেষণে দেখা যায়, এ বছর শতভাগ ফেল করা ৪৭ প্রতিষ্ঠানের সর্বোচ্চ ৩৮টিই মাদ্রাসা বোর্ডের। এছাড়া ঢাকা বোর্ডে দুটি, যশোর বোর্ডের দুটি ও দিনাজপুর শিক্ষা বোর্ডের পাঁচটি প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীই পাসের মুখ দেখেনি। গত বছর শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৪টি। ওই বছরও ফেল করা প্রতিষ্ঠানের সর্বোচ্চ ১৭টিই ছিল মাদ্রাসা বোর্ডের। তার আগের বছর শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ১৪টি।

শতভাগ পাস করা ৫ হাজার ৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢাকা বোর্ডে ৪৭৮টি, রাজশাহী বোর্ডে ৯৬৯টি, কুমিল্লা বোর্ডে ১৭৬টি, যশোর বোর্ডে ১৯৪টি, চট্টগ্রাম বোর্ডে ৪০টি, বরিশাদ বোর্ডে ১৪৬টি, সিলেট বোর্ডে ৩৬টি, দিনাজপুর বোর্ডে ৩২০টি, মাদ্রাসা বোর্ডে ২ হাজার ৫২৩টি ও কারিগরি বোর্ডে ২১৩টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। গত বছর পাস শতভাগ করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৬ হাজার ২১০টি এবং তার আগের বছর এ সংখ্যা ছিল ৫ হাজার ৯২টি। তবে রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাদ, সিলেট এবং কারিগরি বোর্ডের কোনো প্রতিষ্ঠানেই শতভাগ অকৃতকার্যের ঘটনা নেই।

এ বছর মোট ২৭ হাজার ৮১৬টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৩ হাজার ১১৭টি কেন্দ্রের মাধ্যমে এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে শূন্য থেকে ১০ শতাংশ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ৯টি, ১০ থেকে ২০ শতাংশ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ৫০টি, ২০ থেকে ৫০ ভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৮৪১টি এবং ৫০ থেকে শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২১ হাজার ৭৭৪টি। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় দশটি বোর্ডে গড় পাসের হার ৮৭ দশমিক ০৪ শতাংশ। এর মধ্যে আটটি সাধারণ শিক্ষা বোর্ডে এসএসসিতে পাসের হার ৮৬ দশমিক ৭২ শতাংশ, মাদ্রাসা বোর্ডে পাসের হার ৯০ দশমিক ২০ ও কারিগরি বোর্ডে ৮৩ দশমিক ০১ শতাংশ।